R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
নকশাবের ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার
সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস,
ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬২শ বর্ষ
৫ম ও ৬ষ্ঠ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৩রা ও ১০ই অষাঢ়, বুধবার, ১৩৮২ সাল।
১৮ই ও ২৫শে জুন, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## পুলিশী মদতে শ্রমিক নির্যাতনের প্রতিবাদে ধুলিয়ানে মহাসমাবেশ

বিশেষ প্রতিনিধি, ১২ জুন—রতনপুর ( ধুলিয়ান )-এর শের মহম্মদ বিড়ি উৎপাদক সংস্থা কারিগরদের ৬ দিনের কাজ কমিয়ে ৫ দিন করায় আই এন টি ইউ সির জঙ্গিপুর মহকুমা বিড়ি শ্রমিক ইউনিয়নের কারিগররা ৯ জুন থেকে ( গুণতির বদলে লাইন দিয়ে ) নীরব প্রতিবাদ জানাতে থাকেন কোম্পানীর সামনে। এই সময় কোম্পানীর দোতলা থেকে কোম্পানীর 'ভাড়াটে গুণ্ডারা' কারিগরদের উপর ইট-পাটকেল নিক্ষেপ করলে ৮ জন কারিগর জখম হন বলে অভিযোগ করা হয়। পরদিন কারিগররা কোম্পানীর অফিসে গিয়ে হামলাকারীদের উপর পাল্টা আক্রমণ চালালে পুলিশ ৪ জন কারিগরকে গ্রেপ্তার করে। পরে থানায় ডেকে পাঠিয়ে ইউনিয়নের ধুলিয়ান অফিস সম্পাদক সামশুল হককে গ্রেপ্তার করে। চিরাচরিত প্রথানুযায়ী পুলিশ বিড়ি কারিগরদের চুরির অপবাদ দিয়ে মিথ্যে মামলা সাজায়। অথচ আগের দিন তারা শ্রমিক নির্যাতনের সময় নিষ্ক্রিয় থাকে। এই সব ঘটনার প্রতিবাদে গতকাল সংসদ সদস্য হাজী লুৎফল হকের নেতৃত্বে সামসেরগঞ্জ থানার সামনে প্রায় ১০ হাজার বিড়ি শ্রমিকের মহাসমাবেশ ঘটে যা ধুলিয়ানের ইতিহাসে বিরল। সমাবেশে মালিকপক্ষকে পুলিশী মদতদানের ( যার নেপথ্য নায়ক থানার ও-সি গণেশ চ্যাটারজি ) ধিক্কার জানিয়ে কারিগরদের সপ্তাহে ৬ দিনের কাজ ও চুরির অপবাদ চাপিয়ে পুলিশের এক তরফা বিচারের প্রতিকার দাবি করা হয় এবং জেলার কিছু কংগ্রেসী নেতাদের টাকা দিয়ে কেনা যায় না বলে হুঁসিয়ার করে দেওয়া হয়। মহকুমা পুলিশ অফিসার জেলা পুলিশ সুপারের নির্দেশমত ১৫ দিনের মধ্যে পূর্ণ তদন্ত করে দোষী পুলিশ অফিসারদের শাস্তিদানের প্রতিশ্রুতি দিলে বিড়ি শ্রমিকরা ফিরে যান।

### ব্যর্থ বনধে মারপিট, জখম—৩

নিজস্ব সংবাদদাতা : এক ধুলিয়ান বাদে জঙ্গিপুর মহকুমার সর্বত্র বন্ধ ব্যর্থ হয়েছে। কৃষক উচ্ছেদ রদ, লে-অফ, ছাঁটাই, লক আউট বন্ধ, সমস্ত রাজনৈতিক বন্দীর মুক্তি ও মিসা এবং জরুরী অবস্থা প্রত্যাহারের দাবিতে আট বাম আহূত এই বন্ধের দিন জীবনযাত্রা ছিল স্বাভাবিক। রঘুনাথগঞ্জ শহরে, সাগরদীঘি ও ফরাক্কায় বাস, রিকসা চলেছে ( সংখ্যায় কম ) দোকান-পাট খোলা থেকেছে এবং অফিসগুলিতে উপস্থিতির হারে উল্লেখযোগ্য হেরফের ঘটেনি। এই বন্ধের বিরোধিতা করেন যুবকংগ্রেস এবং ছাত্রপরিষদ। রঘুনাথগঞ্জ থানার সাইদাপুরে বন্ধ বন্ধ করতে গিয়ে কংগ্রেসীদের সাথে সি পি এ মর সংঘর্ষ বাধে। উভয় পক্ষেই ইট-পাটকেল বিনিময়ে তিনজন জখম হয়। ধুলিয়ান থেকে আমাদের সংবাদদাতা লিখেছেন, ধুলিয়ানের জনগণ বিপুলভাবে বন্ধের ডাকে সাড়া দিয়ে সমস্ত দোকান-পাট ওই দিন বন্ধ রেখেছিলেন। সরকারী অফিসগুলিতে হাজিরার সংখ্যাও ছিল অত্যল্প।

## রাজানগর স্বাস্থ্যকেন্দ্রে ডামাডোলের রাজত্ব

নিজস্ব সংবাদদাতা, ১৬ জুন—সম্প্রতি রাজানগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বিরুদ্ধে অজস্র অভিযোগ পেয়ে দেখে এলাম হাসপাতালে কিভাবে ডামাডোলের রাজত্ব কায়েম হয়েছে। দেখে এলাম, দেখার কেউ নাই, বলার কেউ নাই বলে হাসপাতালে অরাজক অবস্থা চলেছে। এখন এই স্বাস্থ্যকেন্দ্র চলছে বিনা ডাক্তার আর বিনা কম্পাউনডারে। গত বৃহস্পতিবার গোপনে যখন হাসপাতালে ঢুকলাম দেখলাম রোগীদের যথারীতি ভিড়, চীৎকার। দেখলাম ফারমাসিসট নেই, কুকার নেই, নেই আরও অনেকে। হাসপাতালের একজন কর্মীর সাথে কথা বলে জানলাম, ফারমাসিসট নিখিল গোস্বামী নাকি প্রায়ই হাসপাতালে থাকেন না। খবর লেখা পর্য্যন্ত তিনি বাড়ী থেকে ফেরেননি। তাঁর অনুপস্থিতিতে একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী রোগীদের ওষুধ বিতরণের নামে জীবন নিয়ে ছিমিমিনি খেলছেন। হাসপাতালের যৎসামান্য ওষুধ, তাও কয়েকজন কর্মচারী চোরাই পথে পাচারে লিপ্ত বলে উপস্থিত কয়েকজন রোগীর অভিযোগ। খাবার নিয়ে ন্যক্কারজনক কারবার চলে। এ সব দেখেশুনেও হাসপাতালের ভারপ্রাপ্ত ডাক্তার কালীপ্রসন্ন মজুমদার নীরব। ঘনবসতিপূর্ণ এলাকায় রাজানগর স্বাস্থ্যকেন্দ্রের এই দুরবস্থায় এলাকার মানুষ চিন্তিত, ক্ষুব্ধ। তাদের ভাষায় : এই ডামাডোলের রাজত্ব অসহনীয়।

### অমানুষিক

রঘুনাথগঞ্জ, ২৫ জুন—গত সপ্তাহে এক রোদ ঝলমলে দিনের আলোতে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের ফিমেল ওয়ারডের সামনে সবুজ ঘাস বিছানো একফালি জমিতে দেখা গেল মানুষের সাদা ধবধবে একটা কাটা পা নিয়ে কয়েকটা কুকুর মাংসের নেশায় মত্ত। তারা কোন্ হতভাগার পা কোথেকে আহার্য হিসেবে পেয়ে ওভাবে ছেঁড়াছেঁড়ি করছিল তা না জানা গেলেও জঙ্গিপুর সংবাদে বহু সমালোচিত হাসপাতালের কর্মকর্তাদের এহেন অমানুষিক কর্মকাণ্ডের কথা চিন্তা করে জনকয়েক প্রত্যক্ষদর্শী পথচারীর গায়ে কাঁটা দিয়ে উঠেছিল, তবু অবাক হয়নি কেউ।

ফোন—অরঙ্গাবাদ—৩২

মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ

হেড অফিস—অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )

রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে
রাসায়নিক সার ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা**
**চারুচন্দ্র সাহা**
জেনারেল মার্চ্চেন্টস্ এণ্ড
অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩রা আষাঢ় বুধবার, সন ১৩৮২ সাল।

## কাজীর বিচার

আজ সাত দিন হইল রাইবেরলি নির্বাচনী কেন্দ্রের পরাজিত প্রার্থী রাজনারায়ণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এলাহাবাদ হাইকোরট প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নির্বাচন বাতিল করিয়া দিয়াছেন। বিচারপতি জগমোহনলাল সিংহ সংসদ সদস্যা ইন্দিরা গান্ধীকে জনপ্রতিনিধিত্ব আইনের ১২৩ (৭) ধারায় দুর্নীতির দায়ে দোষী সাব্যস্ত করিয়া আগামী ছয় বৎসরের মধ্যে তিনি সংসদ বা রাজ্য বিধানসভায় প্রতিদ্বন্দ্বতা করিতে পারিবেন না বলিয়া নিষেধাজ্ঞা জারী করিয়াছেন। দেশ-বিদেশের সকলের নিকট এই সংবাদ আজ পুরাতন হইয়া গিয়াছে। সকলের দৃষ্টি নিবদ্ধ হইয়াছে তাঁহার দিকে। বিরোধীরা তাঁহার পদত্যাগ দাবি করিয়াছেন। তিনি পদত্যাগ করিবেন না বলিয়া জানাইয়া দিয়াছেন।

আদালত হইতে কুড়ি দিনের সময় পাইলেও গণতন্ত্র রক্ষায় ইন্দিরাজীর পদত্যাগ করা উচিত ছিল এই কথা প্রতিটি গণতন্ত্রপ্রিয় নাগরিকই স্বীকার করিবেন। আদালত যখন প্রমাণ করিতেছেন, ভারতবর্ষ ন্যায়তঃ গণতান্ত্রিক রাষ্ট্র, তখন তিনি নিজে প্রধানমন্ত্রী হইয়া সেই দেশের গণতন্ত্র রক্ষার্থে অগ্রণী না হইয়া পদ আঁকড়াইয়া বসিয়া আছেন। মুখে যতই দেশের স্বার্থের কথা বলুন, এ কথা কে না জানে যে, দলের চাপ এবং পদের মোহ তাঁহাকে হিতাহিত জ্ঞানশূন্য করিয়াছে। অবশ্য এই কথাও অনস্বীকার্য যে, ইন্দিরা গান্ধীর মত একজন জনপ্রিয় নেত্রীকে তাঁহার কেন্দ্রে হারানো অত সহজ নহে। রাইবেরিলি কেন্দ্রে তাঁহার প্রতিদ্বন্দ্বী রাজনারায়ণকে ১, ১১, ৮১০ ( ইন্দিরা গান্ধী ১, ৮৩, ৩০৯ এবং রাজনারায়ণ ৭১, ৪৯৯ ) ভোটের ব্যবধানে পরাজয় করাই তাহা প্রমাণ করে। তিনি দুর্নীতির আশ্রয় না লইয়াও প্রতিটি নির্বাচনে অবশ্যই জয়ী হইবেন, ইহা নির্দ্বিধায় বলা চলে। অতঃপর সুপ্রিম কোরটে কি ঘটিবে তাহার জন্য অপেক্ষা করিতে হইবে এবং বিরোধী দলগুলিকে শুধুমাত্র 'ইন্দিরা, ইন্দিরা' না করিয়া অন্যান্য দাবির লড়াইয়ে মনঃসংযোগ করিতে হইবে।

## উপস্বাস্থ্যকেন্দ্র বন্ধ

নিজস্ব সংবাদদাতা, ১৮ জুন—দু'বছরের পুরানো একটা নারীঘটিত কেলেঙ্কারির' জের টেনে বহুতালী গ্রামে যে গণ্ডগোল চলছিল তারই পরিপ্রেক্ষিতে বহুতালী উপ স্বাস্থ্যকেন্দ্রটির আউটডোর নিয়ম বিরুদ্ধভাবে পরশু থেকে বন্ধ করে দিয়েছেন ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ অমল রায়। চিকিৎসকের বিরুদ্ধে গ্রামের যুবকরা হাসপাতালে অনুপস্থিতি, ষ্টাফ ছাড়াই হাসপাতাল পরিচালনা, নারসের সঙ্গে অবৈধ সম্পর্ক ( দু'বছর আগের কেলেঙ্কারিটিতে জড়িয়ে পড়ে সন্ধ্যা সাহা নাম্নী জনৈকা নারসকে বদলি হতে হয় ) ও ভিজিট নিয়ে রোগী দেখার অভিযোগের ব্যাপারে জনমত গড়ে তোলার চেষ্টা করলে ডাঃ রায় কয়েকজন যুবককে 'উগ্রপন্থী' আখ্যায়িত করে নারসদের সঙ্গে ব্যাভিচারে লিপ্ত হওয়ার পাল্টা অভিযোগ করেন এবং হাসপাতালের আউটডোর বন্ধ করে দেন।

## মন্দির উদ্বোধন

বিশেষ সংবাদদাতাঃ গত ৩০ জ্যৈষ্ঠ বৈকাল ৫-৩০ টায় হিলোড়ায় ৺শ্রীশ্রীশ্যামসুন্দর দেব ঠাকুরের নবনির্মিত 'বনবিহার' মন্দিরের উদ্বোধন করেন জঙ্গিপুরের মহকুমা শাসক এন, ভি, জগন্নাথন। এই উপলক্ষ্যে তাঁর পৌরোহিত্যে মন্দির প্রাঙ্গণে আয়োজিত এক জনসভায় প্রধান অতিথি ও বিশেষ বক্তা ছিলেন যথাক্রমে জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর এবং ভারত সেবাশ্রমের স্বামী হিরন্ময়ানন্দজী। পাবলিক দেবষ্টেট ম্যানেজিং কমিটির সম্পাদক উমাপতি মণ্ডল ভবিষ্যতে ষ্টেট থেকে দেবসেবা অটুট রেখেও জনহিতকর কাজে আর্থিক সাহায্যদানের সম্ভাবনার কথা বলেন। আগের দিন মন্দিরের শাস্ত্রীয় সংস্কার, পূজা-হোম ও গীতাপাঠ প্রভৃতি সম্পন্ন করেন রঘুনাথগঞ্জের ধীরেন্দ্রকুমার চক্রবর্ত্তী, নৃপেন্দ্রনাথ মৈত্র ও দিবাকর পাণ্ডে।

## অপঘাতে মৃত্যু

নিজস্ব প্রতিনিধি, ১৮ জুন—গতকাল রাত্রে রঘুনাথগঞ্জ থানার তেঘরীতে কানাই রায়ের কাঁঠাল গাছে কাঁঠাল চুরি করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাধা সিংহ রায় (২৪) নামে এক চোর মারা যায়। চোরের উপদ্রবে কাঁঠাল গাছের সঙ্গে বিজলী তার জড়ানো হয়েছিল বলে প্রকাশ।

আজ সকালে ভুরকুণ্ডা হাসপাতাল থেকে ওষুধ নিয়ে ফেরার পথে জাতীয় সড়কে জীপের ধাক্কায় সাগরদীঘি থানার ভূমিহর গ্রামের শোভা সোনামিস্ত্রীসহ দু'জন মহিলা আহত হন। সেনাবাহিনীর জওয়ানরা দেখতে পেয়ে তাঁদের গাড়ীতে করে আহতদের নিয়ে এসে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করেন। হাসপাতালে শোভাদেবীর মৃত্যু ঘটে, সঙ্গিনীর অবস্থাও সঙ্গীন বলে খবর।

আজ আহিরণ ও সজনীপাড়া ষ্টেশনের মাঝে রেল লাইনের ধার থেকে একটি মৃতদেহ উদ্ধার করা হয়। জানা যায়, ওটি কামরূপ এক্সপ্রেসের ফায়ারম্যান এন কে সরকারের মৃতদেহ। ইঞ্জিন থেকে এভাবে পড়ে গিয়ে মৃত্যুর ঘটনাকে অনেকে রহস্যজনক বলে সন্দেহ করছেন।

**আবার ছিনতাইঃ** ১০ জুন রাত্রে রঘুনাথগঞ্জ শহরের উপকণ্ঠে গাড়লিপাড়ার জোড়া সেতুর উপর একদল ছিনতাইকারী ট্রেনযাত্রীদের রিকসা দাঁড় করিয়ে হেঁসো দেখায়, মারধোর করে এবং সর্বস্ব ছিনতাই করে চম্পট দেয়। পুলিশ এ ব্যাপারে একজন ছিনতাইকারীকে গ্রেপ্তার করে।

## ২ কিশোরের জাতীয় বৃত্তি লাভ

নিজস্ব সংবাদদাতাঃ বাঙ্গাবাড়ী হাই স্কুলের দশম শ্রেণীর ছাত্র দেবাশিস্ দাস ও সমল দাস ১৯৭৪ সালে নবম শ্রেণীতে জাতীয় মেধাবৃত্তি লাভ করেছে। সম্প্রতি এই বৃত্তি পরীক্ষার ফলাফল ঘোষিত হয়েছে। এদের প্রত্যেককে ওই স্কুলে পড়াকালীন বাৎসরিক এক হাজার কোরে টাকা দেওয়া হবে বলে জানা গেছে।

## ধুলিয়ানের পার্শ্ববর্তী এলাকাগুলোতে প্রচণ্ড খাদ্যাভাব

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান—সম্প্রতি ধুলিয়ান পুরসভার বাইরে ও আশেপাশের গ্রামগুলোতে খাদ্যাভাব চরমে উঠেছে। গ্রামের মানুষ মসুরি, খেসারীর মণ্ড, ভুট্টা বা গমের রুটি খেয়ে দিন কাটাচ্ছে। ধুলিয়ান বাজারে চালের দাম দু'টাকা সত্তর/পঁচাত্তর পয়সা কিলো। পুরসভার মধ্যে বসবাসকারীরা তবু বিড়ির কাজ করে, কিন্তু গ্রামগুলোতে সে ব্যবস্থাও নেই। দিন মজুরদের হাতে কাজ নেই। গরীব মানুষদের অবস্থা অতি শোচনীয়। আম খেয়ে অনেকে জ্যৈষ্ঠ, আষাঢ় মাস কাটাত। এবার সে পথও বন্ধ। কারণ, আমের দর এবার অসম্ভব চড়া। খরা ও বিদ্যুৎ সঙ্কটের দরুণ চাষ আবাদ হচ্ছে না। কিছু কিছু ফলন্ত ধান গাছ শুকিয়ে গেছে। সমস্ত মিলিয়ে এক অসহনীয় অবস্থা। গ্রামের লোকদের ভাবনা এখনই এই অবস্থা হলে বর্ষা কাটবে কিভাবে ?

## আদর্শ গ্রাম মির্জ্জাপুর

নিজস্ব সংবাদদাতাঃ ১৯৭৪ ৭৫ সালে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে রঘুনাথগঞ্জ ১নং উন্নয়ন সংস্থার মির্জাপুর গ্রামটি আদর্শ গ্রামরূপে ঘোষিত হয়েছে। সমীক্ষায় প্রকাশ, গ্রামের ৩৩৯ পরিবারের মধ্যে শতকরা চুরাশিটি পরিবার স্বল্প সঞ্চয়ের আওতায় এসেছেন। এঁদের মধ্যে পাঁচশ শতাংশ স্বল্প ও দীর্ঘমেয়াদী সঞ্চয় তহবিল খুলেছেন। ওই বছরে মোট ৪৪২৮·৪২ টাকা সংগৃহীত হয়েছে। স্বল্প সঞ্চয়ে উদ্বুদ্ধ করার জন্য মির্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবকে ১৫০ টাকা পুরস্কার দানের কথা সরকারীভাবে ঘোষিত হয়েছে।

## প্রেসার হর্ণ নিষিদ্ধ

নিজস্ব প্রতিনিধিঃ শহরের ভেতর লরি, বাস, টেমপো, ট্যাকসি ইত্যাদির প্রেসার হর্ণ বাজানো নিষিদ্ধ করে ধুলিয়ান পুরসভার পুরপতি সম্প্রতি এক আদেশ জারি করেছেন। পরিবর্তে দুর্ঘটনা এড়াবার জন্য ভেঁপো বাজানর নির্দেশ দেওয়া হয়েছে। শহরের বিভিন্ন সড়কে বিজ্ঞপ্তি দেওয়া সত্ত্বেও কেউ এই আদেশ মানছেন না এবং পুলিশ বোবা-কালার ভূমিকা নিয়েছে বলে বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠছে।

## গৃহস্বামীর গুলিতে ডাকাত জখম, ধৃত ১

সাগরদীঘি, ১৮ জুন—এই থানার সাওরাইলে একটি বাড়ীতে ডাকাত পড়লে গৃহস্বামী শচীদুলাল দত্ত গুলি চালান। ডাকাতদল ব্যর্থ হয়ে ফিরে যায়। সকালে দেখা যায় বাড়ীতে দলা দলা রক্ত। রক্তের দাগ বেশ কিছুদূর পর্যন্ত বিস্তৃত। পরদিন বহরমপুর হাসপাতালে গুলিতে জখম একজন ডাকাতকে নাম ভাঁড়িয়ে ভর্তি হতে দেখে ডাক্তারদের সন্দেহ হয় এবং পুলিশে খবর দেওয়া হয়। পুলিশের গন্ধ পেয়ে সে হাসপাতাল থেকে চম্পট দেয়। এই ঘটনার সূত্রে তদন্ত চালিয়ে পুলিশ লালগোলা থেকে রঘুনাথগঞ্জ থানা এলাকার ডাকাত কাশীনাথ দাসকে গ্রেপ্তার করে।

**পুলিশ-চোর ধৃত :** বহরমপুর পুলিশ লাইন থেকে পুলিশ-গাড়ীর জনৈক ক্লীনারের বি এস এ কে বি এস ৬-৪৮৪ নম্বরের একটি সাইকেল চুরির অপরাধে কাজল চন্দ্র নামে অপর একজন পুলিশ-গাড়ীর ক্লীনারকে গ্রেপ্তার করা হয়েছে। কাজলের স্বীকারোক্তি মত চুরি যাওয়া সাইকেলটি সাগরদীঘির কাঁসা-পিতল-ওষুধ ব্যবসায়ী জগন্নাথ ভকতের কাছ থেকে উদ্ধার করা হয়েছে।


# মুর্শিদাবাদ
# ইনষ্টিটিউট অফ্ টেকনোলজী

*পোঃ কাশিমবাজার রাজ, বহরমপুর,*
*জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ।*

১৯৭৫-৭৬ শিক্ষাবর্ষে মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিং এ ( এল, এম, ই ; এল, ই, ই ও এল, সি, ই ) চার বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্তির জন্য নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিস হইতে যে কোন কার্য্যের দিন বেলা ১১টা হইতে বেলা ৩টা পর্য্যন্ত নগদ ১-০০ টাকা ( এক টাকা ) প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত ৪০ পয়সার ডাক টিকিটযুক্ত ২২৫ মিঃ মিঃ× ১০০ মিঃ মিঃ মাপের, খামের সহিত ১·০০ টাকা মণিঅর্ডারযোগে পাঠাইলে দরখাস্ত ফরম ও প্রস্পেক্টাস্ পাওয়া যাইবে।

দরখাস্ত ফরম যথাযথ পূরণান্তে প্রিন্সিপ্যাল, মুর্শিদাবাদ ইনষ্টিটিউট অফ টেকনোলজী, বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড্ পোষ্টাল অর্ডার ১৪ই জুলাই, ১৯৭৫ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্য পৌছান চাই।

১লা জানুয়ারী, ১৯৭৫ তারিখে প্রার্থীর বয়ঃক্রম ১৫ বৎসর হইতে ২০ বৎসরের মধ্যে হওয়া চাই। ( তফশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে ইহা তিন বৎসর শিথিলযোগ্য )

বিগত যোগ্যতাগত পরীক্ষার সফল ফলাফল, লিখিত ভর্ত্তির পরীক্ষা, নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের উপর ভিত্তি করিয়া চার বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে।

স্কুল ফাইন্যাল, অঙ্ক, বিজ্ঞান, ইংরাজীসহ হায়ার সেকেণ্ডারী বা অনুমোদিত কোন সমতুল পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থী ভর্ত্তির জন্য আবেদন করিতে পারিবে। যে প্রার্থী গত স্কুল ফাইন্যাল/হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় বসিয়াছে এবং উত্তীর্ণ হওয়ার আশা রাখে সেও নির্দ্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রে দরখাস্ত করিতে পারিবে। পরীক্ষার ফল প্রকাশ হওয়ার দশ দিনের মধ্যে মার্কসিটের নকল পাঠাইতে হইবে।

ছাত্রাবাসে আসন পাওয়া যাইবে।

*প্রিন্সিপ্যাল*


## স্বামী খুন, স্ত্রী হাজতে

সাগরদীঘি, ১৬ জুন—স্বামীকে খুন করে বাড়ীতে বালির স্তূপে ঢেকে রাখার অভিযোগে সাগরদীঘি পুলিশ আজ বোখারার পিনাকী দত্ত (৫০) র বৃদ্ধা স্ত্রীকে গ্রেপ্তার করে। প্রকাশ, স্বামী পিনাকী দত্ত পাঁড় মাতাল ছিলেন। অন্যান্য দিনের মত গত বৃহস্পতিবার তিনি মত্ত অবস্থায় বাড়ী এলে বৃদ্ধা স্ত্রী দোতলার সিঁড়ি থেকে তাকে ধাক্কা মারেন। ধাক্কা সামলাতে না পেরে পিনাকীবাবু নীচে পড়ে গিয়ে ঘটনাস্থলেই মারা যান। কিংকর্তব্যবিমূঢ় স্ত্রী কি করবেন বুঝতে না পেরে বাড়ীতেই বালির স্তূপে স্বামীর মৃতদেহ ঢেকে রাখেন। গতকাল মৃতদেহ পচে গন্ধ বের হলে গ্রামের লোকেরা থানায় খবর দেন। পুলিশ বোখারায় গিয়ে পিনাকীবাবুর মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠায় এবং স্ত্রীকে গ্রেপ্তার করে।

**শিশুপুত্র খুন, মা হাজতে :** সাগরদীঘি থানার মথুরাপুর-গৌরীপুরের সখিনা বিবি নাম্নী জনৈকা মা-কে পুলিশ ১০ জুন গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে অভিযোগ, সে তার চার বছর বয়সের শিশুপুত্রকে ক্ষুধার্ত কান্না থামাতে চড় মারে, ফলে শিশুটি মারা যায় এবং তাকে সিংহেশ্বরী পুকুরে ফেলে দেওয়া হয়। খবর পেয়ে পুলিশ সেই পুকুর থেকে শিশুটির মৃতদেহ উদ্ধার করে এবং মা সখিনাকে হাজতে পুরে।

## ক্যাঁহে রোনা লাগা

—দুর্ম্মুখ

থামোস্ হোযা ভাইয়োঁ বহিনোঁ
ক্যাঁহে রোনা লাগায়া একসাথ্।
হাম্‌তো জিন্দা রহে, মুর্দ্দা নেহি
শুন্ যা হামারি বাত্॥
ছোটা কোর্টসে রায় দিয়া উহি
উসিসে ঘাবরাও মাত্।
সুপ্রিম কোর্ট পর আপীল কিয়েগা
দেখ্‌লেগা এক হাত্॥
তুমলোগ্ ঠিক্ রহ কোমর বাঁধকে
কভি না হুয়ে কমজোরি।
বদ লোগোঁকা সুযোগ না মিলে
বদনাম্ করনেকা মেরি॥
জোর করকে জয়ধ্বনি দেও
মুহোমে যেত্‌না হায় জোর।
জন্‌তাকো কভি সুযোগ না দেও
খতম হোনেকা মোহ-ঘোর॥

## বিড়ির গুদামে আগুন

ধুলিয়ান, ১৭ জুন—আজ মৃণালিনী বিড়ি কোম্পানীর একটি গুদামে আগুন লাগলে প্রচুর বিড়ির তামাক পাতা পুড়ে ছাই হয়ে যায়। সংবাদে প্রকাশ, রাত্রি দুটো নাগাদ এই কোম্পানীর একজন কর্মচারী গুদামের এক কোণ থেকে আগুনের ধোঁয়া বেরোতে দেখে চিৎকার করে অন্যান্য কর্মচারীদের জাগিয়ে তোলে। সকাল ৭টায় দমকল এসে আগুন আয়ত্বে আনে। কোম্পানীর একজন মুখপাত্র জানান, ক্ষতির পরিমাণ প্রায় ২ লাখ টাকার মত। বিজলী তার লিক করার ফলেই নাকি এই দুর্ঘটনা ঘটে।

## শিক্ষণ শিবিরে যোগদান

মির্জাপুর : এই বৎসরের ২য় সর্ব-ভারতীয় অ্যাথেলেট মীটস্ ও ৫ম সর্ব-ভারতীয় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতায় শট পাট্-এ ভারতের প্রথম স্থানাধিকারিণী পঃ বঙ্গের একমাত্র মেয়ে কুমারী শ্যামাদাসী ঘোষ ভারত সরকারের খরচে শ্রীনগরে অনুষ্ঠিত শিক্ষণ শিবিরে যোগদানের জন্য সম্প্রতি মির্জাপুর থেকে হাওড়া হ'য়ে কাশ্মীর অভিমুখে রওনা হয়েছে। সঙ্গে আছে আর একজন প্রতিযোগী নদীয়া জেলার। এই শিবির ২১ দিন ধরে চলবে।


সকল প্রকার
ঔষধের জন্য
# নির্ণয় ও নিরাময়
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন—আর, জি, জি ১৯

*বিড়ির সেরা*
অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি
## মুর্শিদাবাদ
## বিড়ি ফ্যাক্টরী
ধুলিয়ান : মুর্শিদাবাদ

খেতে ভাল ফোন—২৩
★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★রেখা বিড়ি
## ময়না বিড়ি ওয়ার্কস্
ধুলিয়ান, মুর্শিদাবাদ
ট্রানজিট গোডাউন
ডালকোলা ( ফোন—৩৫ )

## নাম ভাঁড়িয়ে ইস্তাহার প্রকাশের অভিযোগ

বিশেষ প্রতিনিধিঃ মুর্শিদাবাদ ইনস্টিটিউট অব টেকনলজি ছাত্র সংসদের সাধারণ সম্পাদক রামপ্রসাদ মুখারজি জানিয়েছেন, তাঁদের ছাত্র সংসদের নাম ভাঁড়িয়ে কে বা কারা সম্প্রতি 'এম আই টির এই অরাজকতার পিছনে কারা' শিরোনামায় একটি ইস্তাহার প্রচার করে ছাত্র সংসদকে কলঙ্কিত ও শিক্ষায়তনে নতুন করে অরাজকতা সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছেন। এ ব্যাপারে ছাত্র সংসদের সভায় সম্প্রতি দু'টি প্রস্তাব গৃহীত হয় এবং এই অপচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয়। তা ছাড়াও সংবাদপত্রে প্রেরিত বিবৃতিতে শিক্ষায়তনে স্থায়ী শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে এনে পঠন-পাঠনের অনুকূল পরিবেশ সৃষ্টি ও গত এক বছরে উপযুক্ত সংখ্যক ক্লাস না হওয়ায় এবং বিশৃঙ্খলার জন্য পড়াশোনার ব্যাঘাত ঘটায় প্রথম বর্ষের ছাত্রদের প্রথম বার্ষিক পরীক্ষার ফলাফল সহানুভূতির সঙ্গে বিবেচনা করার দাবি জানানো হয়।

## হাসপাতাল থেকে রোগিনী উধাও

রঘুনাথগঞ্জ, ২৪ জুন—পর পর দু'দিনে জঙ্গিপুর মহকুমা হাসপাতাল থেকে তিনজন রোগিনী উধাও হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। এরা হল মালঞ্চ মণ্ডল ( ৩২ ), কুমারুন বিবি ( ১৮ ) ও গোলাপী হালদার ( ১৩ )। এদের মধ্যে মালঞ্চ উধাও হয়েছে ২১ জুন, কুমারুন ও গোলাপী ২২ জুন। এদের অন্তর্ধানকে অনেকে রহস্যজনক বলে মনে করছেন।

## হাসপাতালের 'হাঙর' প্রহৃত

রঘুনাথগঞ্জ, ২৫ জুন—আজ জঙ্গিপুর মহকুমা হাসপাতালের চিকিৎসক ডাঃ ডি কে রায় চৌধুরী উত্তেজিত জনতার হাতে লাঞ্ছিত ও প্রহৃত হন। প্রকাশ, মেঝের রোগীকে বিছানায় তোলা এবং ঘুষ নিয়ে রোগী দেখা বা ভর্তি করা নিয়ে হাসপাতালের চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সম্পাদকের সাথে আজ সকাল দশটা নাগাদ তুমুল বচসা শুরু হলে উপস্থিত জনতার একাংশ ডাঃ রায় চৌধুরীকে প্রহার করে। জনসাধারণ এই হাসপাতালের দু'জন দুর্নীতিগ্রস্ত চিকিৎসককে 'হাঙর' আখ্যায় বিভূষিত করেছেন। ডাঃ রায় চৌধুরী তাঁদের মধ্যে একজন। এঁদের বিরুদ্ধে জনতার মধ্যে দীর্ঘদিন ধরে পুঞ্জীভূত ক্ষোভ দানা বেঁধেছে। আজকের ঘটনা তারই অংশবিশেষ বহিঃপ্রকাশ মাত্র।

## ধরে নিয়ে গিয়ে ধর্ষণ, ধৃত—২

রঘুনাথগঞ্জ, ২২ জুন—১৯ জুন রাত্রে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে অপেক্ষারতা এই থানার গঙ্গাপ্রসাদ গ্রামের বিবাহিতা যুবতী লালবানু বিবিকে বলপূর্বক ধরে এনে চার-পাঁচজন দুষ্কৃতকারী এই শহর লাগা একটা মাঠে বলাৎকার করে। পুলিশ এ ব্যাপারে ২ জনকে গ্রেপ্তার করেছে। যুবতীটি ওই রাত্রে গয়া প্যাসেনজারে নেমে ষ্টেশনের বিশ্রামাগারে অপেক্ষা করার সময় ঘটনাটি ঘটে।

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার
একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬

### কাঞ্চনতলা জে, ডি, জে ইনষ্টিটিউশন

পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ

অনধিক ছয় মাসের জন্য একজন দর্শনে বি-এ, ( অনার্স ) অথবা এম-এ. এবং একজন রসায়ন বিদ্যায় বি. এস-সি ( অনার্স ) অথবা এম. এস-সি শিক্ষক প্রয়োজন। আগামী ৭-৭-৭৫ তারিখের মধ্যে সম্পাদকের নিকট আবেদন করুন।

জবাকুসুম
তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল
মেখে ঘুরে বেড়াতে
অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে
চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা
অসুবিধা হলে রাত্রে
শুতে যাবার আগে ভাল
করে নবাকুসুম মেখে
চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে
চুল তো ভাল থাকেই
ঘুমও বেশী ভাল হয়।
সি. কে. সেন অ্যাণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



Godrej
গোদরেজ আলমারী ও ফ্রিজ কেনবার জন্য ভাবছেন! কিন্তু আমরা আপনার কাছেই আছি। মাত্র ১৫ পয়সা খরচ করে একটা চিঠিতে সমস্ত জানতে পারবেন। গোদরেজের সমস্ত জিনিস এখন মজুত আছে; যেটা চাইবেন সঙ্গে সঙ্গে ঘরে বসে পাবেন। আপনাকে সঙ্গে নিয়ে যেতে হবে না, আমরা আপনার ঘরে পৌঁছিয়ে দিয়ে আসবো। যা কিছু জানতে চান পত্রে যোগাযোগ করুন।
আপনাদের সেবায় আমরা সব সময় প্রস্তুত।
ভকত ভাই প্রাইভেট লিমিটেড
বোলপুর
ফোন—২৪১

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

ফোন—অরঙ্গাবাদ-৪৭
—ধূমপানে পরিতৃপ্ত হোন—
★ ৫৬৭নং নারায়ণ বিড়ি ★ ৫০৫নং পাঁচকড়ি বিড়ি ★ ১নং প্রভাত বিড়ি
বান্ধব বিড়ি ফ্যাক্টরী ( প্রাঃ ) লিঃ
পোঃ অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )